প্রতিদিন অন্তত একবার বোর্ডের ওয়েব সাইট (www.bteb.gov.bd) ভিজিট করুন।

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ, শর্ট কোর্স শাখা

৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

Web site: www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.৩৮.০০১.২২.২৫৮

তারিখ: ০১ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ / ১৫ মার্চ, ২০২৩খ্রি.

## অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রমের পরীক্ষার উত্তরপত্র পরীক্ষক, নিরীক্ষক ও প্রধান পরীক্ষকের জন্য অন-লাইনে ফরম পূরণ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধিভুক্ত ০১ (এক) বছর মেয়াদি অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রমের জানুয়ারি-ডিসেম্বর, ২০২২ সেশনের ২য় পর্ব বোর্ড সমাপনী ও ১ম পর্ব পরিপূরক পরীক্ষা সংক্রান্ত সকল কাজ যেমন-উত্তরপত্র পরীক্ষণ, নিরীক্ষণ এবং প্রধান পরীক্ষকের কার্য সুষ্ঠুভাবে ও সঠিক সময়ে সম্পাদনের লক্ষ্যে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০২১" এ উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা ও প্রয়োজনীয় তথ্যাদি মোতাবেক ১৬-০৩-২০২৩খ্রি. তারিখ হতে ২৭-০৩-২০২৩খ্রি. তারিখের মধ্যে অন-লাইনে ফরম পূরণ/তথ্যসমূহ এন্ট্রি করার জন্য অনুরোধ করা হলো।

**আবেদন করার নিয়মাবলী**

বোর্ডের ওয়েব সাইট www.bteb.gov.bd -এর হোম পেইজে ⟹ শিক্ষকদের তথ্য ⟹ সল্প মেয়াদি ও অন্যান্য ⟹ 80-Advanced Certificate Course ⟹ প্রতিষ্ঠান কোড ও পাসওয়ার্ড দিয়ে উত্তরপত্র পরীক্ষক, নিরীক্ষক ও প্রধান পরীক্ষকের জন্য চাহিত তথ্যসমূহ এন্ট্রি করতে হবে ।

**০১. উত্তরপত্র পরীক্ষক/নিরীক্ষক হওয়ার যোগ্যতা:**

**(ক) সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে:**

সংশ্লিষ্ট ট্রেড/টেকনোলজিতে ন্যূনতম ০১ (এক) বছরের শিক্ষকতায় অভিজ্ঞতাসহ জুনিয়র ইন্সট্রাক্টর হতে হবে;

**(খ) বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে:**

- **কম্পিউটার টেকনোলজির জন্য:** ন্যূনতম ০১ (এক) বছরের শিক্ষকতায় অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে কম্পিউটার সায়েন্সে স্নাতক ডিগ্রী অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ- তে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের কম্পিউটার টেকনোলজি/ ০১ (এক) বছর মেয়াদি অ্যাডভান্স সার্টিফিকেট ইন কম্পিউটার টেকনোলজিতে পাশ হতে হবে;
- **ফাইন আর্টস টেকনোলজির জন্য:** ন্যূনতম ০১ (এক) বছরের শিক্ষকতায় অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে চারুকলায় স্নাতক ডিগ্রী অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০১ (এক) বছর মেয়াদি অ্যাডভান্স সার্টিফিকেট ইন ফাইন আর্টস টেকনোলজিতে পাশ হতে হবে।

**০২. প্রধান পরীক্ষক হওয়ার যোগ্যতা:**

**(ক) সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে:**

সংশ্লিষ্ট ট্রেড/টেকনোলজিতে চীফ ইন্সট্রাক্টর (সহকারী অধ্যাপক সমমান) পদে কর্মরত অথবা ইন্সট্রাক্টর পদে (১ম শ্রেণি পদমর্যাদা) ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের উত্তরপত্র পরীক্ষক/নিরীক্ষক হিসেবে ০১ (এক) বছরের কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে;

**(খ) বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে:**

কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে কম্পিউটার সায়েন্স/চারুকলা/শারীরিকশিক্ষায় স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০২ (দুই) বছরের শিক্ষকতা/প্রশাসনিক অভিজ্ঞতা থাকতে হবে অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের শিক্ষকতা/প্রশাসনিক অভিজ্ঞতা থাকতে হবে অথবা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়/বোর্ড হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রীসহ ০১ (এক) বছর মেয়াদি অ্যাডভান্সড সার্টিফিকেট ইন কম্পিউটার টেকনোলজি/ফাইন আর্টস টেকনোলজি/ফিজিক্যাল এডুকেশন টেকনোলজিতে উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ০৩ (তিন) বছরের শিক্ষকতা/প্রশাসনিক অভিজ্ঞতা থাকতে হবে।

০৩. **পরীক্ষক, নিরীক্ষণ এবং প্রধান পরীক্ষক হওয়ার ক্ষেত্রে যে সকল তথ্যাদি প্রয়োজন:**

(ক) **সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে:**

সোনালী ব্যাংক এর অনলাইন হিসাব নম্বর, মোবাইল নম্বর ও কর্মক্ষেত্রে যোগদানের তারিখ ফরম পূরণের ক্ষেত্রে প্রয়োজন হবে এবং বোর্ডে কাজের সময় (উত্তরপত্র পরীক্ষক, নিরীক্ষক এবং প্রধান পরীক্ষক) প্রতিষ্ঠান প্রধানের সুপারিশপত্রসহ অন্যান্য তথ্যাদি বোর্ডে জমা দিতে হবে;

(খ) **বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে:**

নিয়োগপত্র, যোগদানপত্র, ন্যাশনাল আইডি কার্ড (NID), শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি, সোনালী ব্যাংকের অনলাইন হিসাব নম্বর (১৩ সংখ্যার), মোবাইল নম্বর ফরম পূরণের ক্ষেত্রে প্রয়োজন হবে এবং বোর্ডে কাজের সময় (উত্তরপত্র পরীক্ষক, নিরীক্ষক এবং প্রধান পরীক্ষক) প্রতিষ্ঠান প্রধানের সুপারিশপত্রসহ অন্যান্য তথ্যাদি বোর্ডে জমা দিতে হবে।

15.3.23

**(মো. কেপায়েত উল্লাহ)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭।
ফোন: ০২-৫৫০০৬৫২৫।

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.৩৩.০০১.২২.২৫৮(১২) তারিখ: ১৫ মার্চ, ২০২৩খ্রি.

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

০১. সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, সকল জেলা।
০৪. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৫. আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা/ রাজশাহী/ চট্টগ্রাম/ বরিশাল/ সিলেট/ রংপুর/ ঢাকা/ ময়মনসিংহ।
০৬. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা।
০৭. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
০৮. উপসচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৯. সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. অধ্যক্ষ/পরিচালক, ০১ (এক) বছর মেয়াদি অ্যাডভান্স সার্টিফিকেট শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠান।
১১. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. নথি।

১৫.০৩.২০২৩

**(মো. নওশাদ আলী)**
ডকুমেন্টেশন অফিসার
শর্ট কোর্স শাখা, পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭।
মোবাইল: ০১৫৩১৯৭২০২২ ।